**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

**সংবাদ গতিধারা**
**ঢাকা,  বুধবার ২১ সেপ্টেম্বর ২০১৬, ৬ আশ্বিন ১৪২৩**
**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :**

১। যুক্তরাষ্ট্রের বাজারে পোশাক খাতে শুল্কমুক্ত সুবিধায় গুরুত্ব প্রধানমন্ত্রীর

২। জাতিসংঘ অধিবেশন শুরু : প্রধানমন্ত্রী  শেখ হাসিনার ভাষণ আজ

৩। আইসিটি ফর ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড গ্রহণ করলেন
প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি উপদেষ্টা সজিব ওয়াজেদ জয়

৪। নারীর ক্ষমতায়নে নতুন কর্মসূচিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্ব চেয়েছে কমনওয়েলথ

৫। সাউথ-সাউথ নেটওয়ার্ক অব পাবলিক অর্গানাইজেশন গঠনের প্রস্তাব প্রধানমন্ত্রীর

৬। আগামী ২৬ সেপ্টেম্বর দেশে ফিরলে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গণসংবর্ধনা দেবে আওয়ামী লীগ

৭। কঠিন সময়ে ভারতের পাশে থাকবে বাংলাদেশ : প্রধানমন্ত্রী

৮। বিশ্বব্যাংক প্রধানের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক

৯। উন্নয়ন যেন জনকল্যাণে লাগে : রাষ্ট্রপতি

১০। বাংলাদেশ ব্যাংকের চুরি যাওয়া দেড় কোটি ডলার পাওয়া যাবে দু-এক দিনের মধ্যে : অর্থমন্ত্রী

১১। জঙ্গিবাদ নির্মূলে সামাজিক আন্দোলন গড়ে তোলার বিকল্প নেই : শিক্ষামন্ত্রী

১২। সমাজকে জঙ্গি দূষণমুক্ত রাখতে হবে: তথ্যমন্ত্রী

**চলমান পাতা/২**

**১।	যুক্তরাষ্ট্রের বাজারে পোশাক খাতে শুল্কমুক্ত সুবিধায় গুরুত্ব প্রধানমন্ত্রীর**

যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশি পোশাকের শুল্ক ও কোটামুক্ত প্রবেশাধিকারের ওপর গুরুত্ব দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, অস্ট্রেলিয়া, কানাডা, নিউজিল্যান্ড, চীন, জাপান, ভারত এবং ইউরোপীয় ইউনিয়নসহ ৫২টি দেশে বাংলাদেশের পণ্য শুল্কমুক্ত সুবিধা পায়। যুক্তরাষ্ট্রেরও এ বিষয়ে ন্যায্য আচরণ করা উচিৎ। বাংলাদেশের পোশাক শিল্পের উন্নয়ন, কর্মসংস্থান, নারীর ক্ষমতায়ন ও একটি আধুনিক সমাজ গড়ে তুলতে যুক্তরাষ্ট্রের উচিৎ বাংলাদেশকে শুল্ক ও কোটামুক্ত সুবিধা দেওয়া। গত ১৯ সেপ্টেম্বর সোমবার নিউইয়র্কের ওয়াল্ড ফর অ্যাস্টোরিয়া হোটেলে বিজনেস কাউন্সিল অফ ইন্টারন্যাশনাল আন্ডারস্ট্যাডিং (বিসিআইইউ) আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ**(পৃ.১,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.১),**অবজারভার** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **সংবাদ** এ বিষয়ে ছবি সহ খবর ছেপেছে।

**২।	জাতিসংঘ অধিবেশন শুরু : প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাষণ আজ**

জাতিসংঘ সদর দপ্তরে গতকাল ২০ সেপ্টেম্বর মঙ্গলবার থেকে জাতিসংঘ সাধারণ পরিষদের ৭১তম নিয়মিত অধিবেশন শুরু হয়েছে। অধিবেশনের দ্বিতীয় দিনে আজ সাধারণ আলোচনায় বক্তব্য রাখবেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নিউইয়র্কের স্থানীয় সময় গতকাল ২০ সেপ্টেম্বর মঙ্গলবার সকাল ৮টায় নিয়ম অনুসারে, সাধারণ বিতর্ক দিয়ে মূল অধিবেশন শুরু হয়। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮)।

**৩।	আইসিটি ফর ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড গ্রহণ করলেন**
**প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি উপদেষ্টা সজিব ওয়াজেদ জয়**

আইসিটি ফর ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড গ্রহণ করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছেলে ও তার তথ্যপ্রযুক্তি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। গত ১৯ সেপ্টেম্বর সোমবার যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের স্থানীয় সময় সন্ধ্যায় জাতিসংঘ সদর দপ্তরের কাছে ইউএন প্লাজা হোটেল মিলনায়তনে এক অনুষ্ঠানে জয়ের হাতে এই পুরস্কার তুলে দেন হলিউডের অভিনেতা রবার্ট ডেভি। সূত্র- **সমকাল**( শেষ পৃ.,ক.১),**ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে**(শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৮), **সংবাদ,ভোরের কাগজ, জনকণ্ঠ, ইত্তেফাক, ডেইলি সান, নিউ নেশন** সহ অধিকাংশ পত্রিকায় এ বিষয়ে ছবি সহ খবর ছেপেছে।

**৪।	নারীর ক্ষমতায়নে নতুন কর্মসূচিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্ব চেয়েছে কমনওয়েলথ**

নারীর ক্ষমতায়নে কমনওয়েলথের নতুন কর্মসূচিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সমর্থন ও নেতৃত্ব কামনা করেছেন কমনওয়েলথ মহাসচিব ব্যারোনেস প্যাট্রিসিয়া জ্যানেট স্কটল্যান্ড। তিনি বলেন, আমরা নারীর ক্ষমতায়ন সংক্রান্ত নতুন কর্মসূচি গ্রহণ করতে যাচ্ছি। এতে আমরা আপনার সমর্থন ও নেতৃত্ব চাই। গত ১৯ সেপ্টেম্বর সোমবার নিউইয়র্কে জাতিসংঘের সদর দফতরে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের সময় প্যাট্রিসিয়া এই অনুরোধ করেন। বৈঠক শেষে পররাষ্ট্র সচিব শহীদুল হক একথা বলেন। সূত্র- **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **বাংলাদেশ টুডে**(পৃ.৩,ক.৫), **এশিয়ান এজ (পৃ.১,ক.৬), ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার** এ বিষয়ে ছবি সহ নিউজ ছেপেছে।

**৫।	সাউথ-সাউথ নেটওয়ার্ক অব পাবলিক অর্গানাইজেশন গঠনের প্রস্তাব প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২০ সেপ্টেম্বর মঙ্গলবার 'সাউথ-সাউথ নেটওয়ার্ক অব পাবলিক অর্গানাইজেশন' গড়ে তোলার বিষয়ে দক্ষিণের দেশগুলোর মধ্যে বৃহত্তর সমঝোতা এবং গণউদ্ভাবনী খাতে বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, এটি চিন্তা-ভাবনার সম্প্রসারণ এবং অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে একে অপরের থেকে শিক্ষার সুযোগ সৃষ্টি করবে। প্রধানমন্ত্রী গতকাল ২০ সেপ্টেম্বর মঙ্গলবার সকালে জাতিসংঘ সদর দফতরের কনফারেন্স রুমে বাংলাদেশ এবং জাতিসংঘের সাউথ-সাউথ কো-অপারেশন অফিস আয়োজিত 'সাউথ-সাউথ এ্যান্ড ট্রায়াঙ্গুলার কো-অপারেশন ইন স্কেলিং আপ ইনোভেশন ইন পাবলিক সার্ভিস ডেলিভারি' শীর্ষক সেমিনারে দেয়া ভাষণে এ কথা বলেন। সূত্র- **জনকণ্ঠ** ( শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.২,ক.৩), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৬। আগামী ২৬ সেপ্টেম্বর দেশে ফিরলে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গণসংবর্ধনা দেবে আওয়ামী লীগ**

জাতিসংঘের সাধারণ অধিবেশনে অংশগ্রহণ শেষে আগামী ২৬ সেপ্টেম্বর দেশে ফিরলে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গণসংবর্ধনা দেবে আওয়ামী লীগ। গতকাল ২০ সেপ্টেম্বর মঙ্গলবার রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার রাজনৈতিক কার্যালয়ে দলের সম্পাদকমন্ডলীর সভা শেষে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কথা জানান দলের সাধারণ সম্পাদক ও জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম। সূত্র- **সংবাদ**(শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে(পৃ.৩,ক.৪)**।

**৭। কঠিন সময়ে ভারতের পাশে থাকবে বাংলাদেশ : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কাশ্মীরে ভারতের সেনা ঘাঁটিতে সন্ত্রাসী হামলার নিন্দা জানিয়ে দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কাছে বার্তা পাঠিয়েছেন। বার্তায় সন্ত্রাসের বিরুদ্ধে বাংলাদেশের শক্ত অবস্থান পুনর্ব্যক্ত করে এ কঠিন সময়ে ভারতের পাশে বাংলাদেশ থাকবে বলে উল্লেখ করেন তিনি। সূত্র- **যুগান্তর** (পৃ.১,ক.৬),**জনকণ্ঠ**(পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

**৮। বিশ্বব্যাংক প্রধানের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক**

বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট ড. জিম ইয়ং কিমের সঙ্গে সাক্ষাত করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জাতিসংঘের সাধারণ অধিবেশনে যোগ দিতে বর্তমানে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অবস্থান করছেন প্রধানমন্ত্রী। গতকাল ২০ সেপ্টেম্বর মঙ্গলবার অধিবেশনের সাইডলাইনে বিভিন্ন রাষ্ট্র ও আন্তর্জাতিক সংস্থার প্রধানের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকের ধারাবাহিকতায় এ বৈঠক করেন তিনি। সূত্র- **জনকণ্ঠ** ( শেষ পৃ.,ক.১),

**৯। উন্নয়ন যেন জনকল্যাণে লাগে : রাষ্ট্রপতি**

উন্নয়ন করলেই হবে না, তা যেন জনগণের কল্যাণে লাগে, সেদিকে দৃষ্টি দেয়ার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল ২০ সেপ্টেম্বর মঙ্গলবার 'বাংলাদেশ সোসাইটি অব কার্ডিওভাসকুলার ইন্টারভেনশনের' (বিএসসিআই) জাতীয় বৈজ্ঞানিক সম্মেলনে স্বাস্থ্য খাতের উন্নয়নের প্রসঙ্গে এ আহ্বান জানান তিনি। রাষ্ট্রপতি বলেন, যে উন্নয়ন সাধারণ মানুষের কল্যাণে আসে না বা সামর্থ্যরে অভাবে ভোগ করতে পারে না, তা কখনোই সর্বজনীন হতে পারে না। তাই স্বাস্থ্য খাতের উন্নয়ন হতে হবে চাহিদাভিত্তিক; জনগণের সামর্থ্যরে সঙ্গে সঙ্গতিপূর্ণ ও আধুনিক প্রযুক্তিনির্ভর। সূত্র- **ভোরের কাগজ** ( শেষ পৃ.,ক.১), **সমকাল (পৃ.১৯,ক.৮), ডেইলি সান** (পৃ.৩,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.৬)।

**১০। বাংলাদেশ ব্যাংকের চুরি যাওয়া দেড় কোটি ডলার পাওয়া যাবে দু-এক দিনের মধ্যে : অর্থমন্ত্রী**

বাংলাদেশ ব্যাংকের চুরি যাওয়া রিজার্ভের উদ্ধার হওয়া দেড় কোটি ডলার দুই-এক দিনের মধ্যে হাতে পাওয়া যাবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল ২০ সেপ্টেম্বর মঙ্গলবার সচিবালয়ে তিনি এ কথা বলেন। সূত্র- **সংবাদ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**১১। জঙ্গিবাদ নির্মূলে সামাজিক আন্দোলন গড়ে তোলার বিকল্প নেই : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, জঙ্গিবাদ নির্মূল করতে সামাজিক আন্দোলন গড়ে তোলার কোন বিকল্প নেই। তিনি বলেন, সামাজিক প্রতিরোধ, সচেতনতা বৃদ্ধি এবং জঙ্গিবাদের বিরুদ্ধে তৃণমূল পর্যায়ে আন্দোলন গড়ে তোলার মাধ্যমেই জঙ্গিবাদের মূলোৎপাটন করা সম্ভব। মন্ত্রী গত ১৯ সেপ্টেম্বর সোমবার রাজশাহী মেডিকেল কলেজের ডা. কাইছার রহমান চৌধুরী অডিটোরিয়ামে শিক্ষার পরিবেশ উন্নয়ন এবং জঙ্গিবাদ নির্মূলে যুগোপযোগী শিক্ষা ব্যবস্থাপনা বিষয়ে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

সূত্র- **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **সমকাল** (পৃ.১৯,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৪)।

**১২। সমাজকে জঙ্গি দূষণমুক্ত রাখতে হবেঃ তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বর্জ্য যেমন নদী ও পরিবেশকে দূষিত করে, তেমনি জঙ্গিবাদ রাজনীতি ও সমাজকে দূষিত করে। তাই নদী ও পরিবেশকে বর্জ্যের দূষণমুক্ত এবং সমাজ ও রাজনীতিতে জঙ্গি দূষণমুক্ত রাখতে হবে। সুস্থ, নিরাপদ ও আনন্দময় জীবনের জন্য এ দূষণমুক্তির বিকল্প নেই। গতকাল ২০ সেপ্টেম্বর মঙ্গলবার রাজধানীর ঢাকা ক্লাবে 'হালদার হাসি' চলচ্চিত্রের মহরত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র- **সমকাল** (পৃ.২,ক.৮), **যুগান্তর (পৃ.২,ক.২)**।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক:** দেশের প্রায় ৩৮ শতাংশ শিক্ষার্থী নিয়মবহির্ভূত খাদ্যাভ্যাসের সাথে যুক্ত এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে সুস্বাস্থ্যের জন্য খাদ্যাভ্যাসে নিয়ম রক্ষায় সামাজিক ও পারিবারিক সচেতনতার ওপর গুরুত্বারোপ।

খ. **প্রথম আলো:** চট্টগ্রাম বন্দরের সাহায্যকারী নৌযান 'এমটি কান্ডারি-১০' এর মূল ইঞ্জিনের জন্য প্রয়োজনীয় যন্ত্রাংশ ও মূল ইঞ্জিন ওভারহলিং করার জন্য যে দরপত্র আহ্বান করা হয়েছে তাতে চারজন কর্মকর্তাকে এক সপ্তাহের জন্য যুক্তরাষ্ট্রে সফরের জন্য সুযোগ দেওয়ার পূর্বশর্ত দেওয়াকে নিন্দা জানিয়ে তা প্রত্যাহার করার দাবী।

গ. **সংবাদ, প্রথম আলো :** সুন্দবন সংলগ্ন রামপালে প্রস্তাবিত কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র নির্মিত হলে বনের অপূরণীয় ক্ষতি হতে পারে বলে আশংকা প্রকাশ করেছে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিবিষয়ক সংস্থা ইউনেস্কো উল্লেখ করে এ ব্যাপারে সিদ্ধান্তটি পুনর্বিবেচনার সুপারিশ।

ঘ. **ডেইলি সান :** বাল্য বিবাহ রোধে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

ঙ. **নিউ নেশন, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে :** নারীদের ওপর সহিংসতা বন্ধে আইনের কঠোর প্রয়োগের সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে শিশুর জন্য উপযোগী বাংলাদেশ এবং শিশুর ন্যায়বিচার প্রাপ্তির নিশ্চয়তার জন্য শিশু অধিকারের সঙ্গে সঙ্গতিপূর্ণ একটি বিধিমালা দরকার বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'নিশ্চিত হোক নিরাপদ সড়ক'** শিরোনামের নিবন্ধে ড. কুদরাত-ই-খুদা বাবু সড়ক দুর্ঘটনা রোধে সরকারসহ সকলের পক্ষ থেকে অতি দ্রুত সমাধানের পথ খুঁজে বের করাসহ তার বাস্তবায়ন করা অতীব জরুরি বলে অভিমত প্রকাশ করেছে।

#

**ফারহানা/ডালিয়া/সাঈদা/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা**